ই-চালান

(বাংলাদেশ সরকারের প্রাপ্তি বাতায়ন)



অর্থ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.echallan.gov.bd

ধারণা ও প্রেক্ষাপট

- ‘ই-চালান’ (ইলেকট্রনিক চালান) - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রাপ্তি বাতায়ন। সরকারের রাজস্ব আহরণ ও হিসাবের সঙ্গতিসাধন, জনগণের হয়রানি লাঘব, আর্থিক খাতে শৃঙ্খলা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা সর্বোপরি সরকারের ডিজিটাল বাংলাদেশ কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে সরকারি প্রাপ্তি জমাদানের জন্য অর্থবিভাগের উদ্যোগে “ই-চালান - সরকারের প্রাপ্তি বাতায়ন” নামের এই অনলাইনভিত্তিক প্লাটফরমটি ২৫শে মার্চ, ২০১৮ তারিখে চালু হয়েছে।

- সরকারের কর ও বিভিন্ন সেবার ফি ব্যাংকে জমা প্রদানের বিদ্যমান পদ্ধতির পাশাপাশি এই পদ্ধতিতে অনলাইনে জমা দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে। সরকারি সকল প্রাপ্তি জমা দেওয়ার অনলাইন প্লাটফরম হিসেবে এই পদ্ধতি বিবেচিত হবে এবং এটি ভবিষ্যতে বাংলাদেশ ব্যাংকের জাতীয় পেমেন্ট গেটওয়ের সাথে যুক্ত হবে।

- প্রাথমিকভাবে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পাসপোর্ট ফি, পুলিশ ক্লিয়ারেন্স ফি ও জাতীয় পরিচয়পত্র ফি জমাপ্রদানের সুবিধা সরকারের প্রাপ্তি বাতায়নে চালু করা হয়েছে। অন্যান্য সরকারি প্রাপ্তির জন্য অর্থজমাদানের সুবিধা পর্যায়ক্রমে চালু করা হবে।

ই-চালান

অগ্রাধিকার ও উদ্দেশ্য

০১

ইলেকট্রনিক পদ্ধতিতে ট্রেজারি চালান জমা প্রদানের সুবিধা প্রবর্তন

০২

সরকারি সেবা প্রত্যাশীদের জন্য সেবা ফি প্রদানের প্রক্রিয়া সহজীকরণ

০৩

ভুয়া (fake) চালান জমা ও রাজস্ব ফাঁকির প্রবণতা রোধসহ সঠিক সময়ে অর্থ জমা নিশ্চিতকরণ

০৪

সরকারি প্রাপ্তি বৃদ্ধিসহ আর্থিক খাতে শৃঙ্খলা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা

ই-চালান প্রদত্ত সুবিধাদি

০১ অনলাইনে ১৮টি সহজবোধ্য বিষয়ভিত্তিক কিংবা নির্দিষ্ট সেবাভিত্তিক চালানের অর্থ জমা প্রদান

০২ নির্দিষ্ট ব্যাংক কাউন্টারে জমা প্রদান

০৩ চালান ফরম পূরণ ও প্রিন্ট

শূণ্য চালান ফরম প্রিন্ট ০৪

ব্যবহারকারীর জন্য নিবন্ধনের মাধ্যমে নিজস্ব একাউন্ট সৃজন ০৫

প্রতিষ্ঠানভিত্তিক প্রাপ্তি প্রতিবেদন ০৬

ই-চালান অসাধারণ অর্জন



ভোগান্তি লাঘবসহ অর্থ ও সময়ের অপচয় রোধ

চালানের অর্থ তাৎক্ষণিকভাবে সরকারি কোষাগারে জমা নিশ্চিতকরণ

নিবন্ধনকৃত গ্রাহককে স্বয়ংক্রিয়ভাবে মোট চালান সংখ্যা ও অর্থ জমা প্রদানের তথ্য প্রদান



সরকারি প্রতিষ্ঠানের মোট প্রাপ্তি সম্পর্কিত প্রকৃত সময়ভিত্তিক (real-time based) হালনাগাদ তথ্য প্রদান

ই-চালান সৃষ্ট প্রভাব

০১

✓ সরকারি প্রতিষ্ঠানসমূহ কর্তৃক রাজস্ব আহরণের হিসাব ও হিসাবরক্ষণ কার্যালয় প্রদত্ত হিসাবের মধ্যেকার হাজার কোটি টাকার পার্থক্য দূরীভূত হবে

০২

✓ প্রতিটি চালানের ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে ব্যাংক, হিসাবরক্ষণ কার্যালয় ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সংগতিসাধন (reconciliation)-এর ফলে রাজস্ব ফাঁকি কমবে

০৩

✓ সরকারি প্রাপ্তি সম্পর্কিত হালনাগাদ তথ্য সরকারের আর্থিক অবস্থান (fiscal position) ও ঋণ ব্যবস্থাপনা কৌশল নির্ধারণে ভূমিকা রাখবে

০৪

✓ প্রক্রিয়া সহজীকরণের ফলে অনলাইনে চালান জমা প্রদানে আগ্রহীর সংখ্যা বাড়বে এবং এটি অন্যতম ব্যবহৃত ওয়েবসাইট হিসেবে বিবেচিত হবে

ই-চালান

কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চলমান থাকবে

- সরকারের যে কোন প্রতিষ্ঠানকে নিজস্ব সেবা ফি অথবা কর প্রাপ্তির কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশের এ্যাডমিনিস্ট্রেটর হিসেবে নিয়োগের সুযোগ রাখা হয়েছে।

- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, সরকারি প্রতিষ্ঠান ও সংস্থা এবং অর্থবিভাগের সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি (Integrated Budget and Accounting System – iBAS++)-কে এপ্লিকেশন ইন্টারফেজের মাধ্যমে ‘ই-চালান’ বাতায়নের সাথে যুক্ত করে সরকারি প্রাপ্তি প্রক্রিয়াকে নিরবচ্ছিন্নভাবে সক্রিয় রাখার ব্যবস্থা করা হয়েছে।

ই-চালান

নির্দেশনা ও বাস্তবায়ন

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

কারিগরি সহযোগিতা

একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়

পরিকল্পনা ও তত্ত্বাবধান

মোহাম্মদ সাইফুল ইসলাম
উপ-কর্মসূচি পরিচালক (উপ-সচিব)
সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

যোগাযোগ

Email : echallan.bd@gmail.com